রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-০৭ তারিখঃ ২৬/০১/২০২৩খ্রিঃ

**সভা নং-২৩**

পৌর পরিষদের মাসিক (জানুয়ারী'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ২৬/০১/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর উপস্থিত সকলে তাদের পরিচয় পর্ব শেষ করেন। সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় সচিব রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন না থাকায় তা অনুমোদন দেওয়া হয়। | কোন সংশোধনি না থাকায় ২৯/১২/২০২২ ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই-ডিসেম্বর পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনাঃ | দায়িত্ব প্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ১লা জুলাই টু ৩১শে ডিসেম্বর পর্যন্ত আয় ব্যায়ের বিবরণী সবার সামনে তুলে ধরেন। তিনি বলেন গত ৬(ছয়) মাসে আয়ের তুলনায় ব্যয় অনেক বেশী। এতে কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা বকেয়া রহে যাচ্ছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌর সভায় আয়ের তুলনায় ব্যয় অনেক বেশী। যার কারনে পৌরসভায় ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না। তিনি পৌরসভার রাজস্ব আয় বাড়ানোর জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে পৌরসভার ব্যয় নির্বাহের জন্য নতুন নতুন রাজস্ব খাত সৃষ্টি ও রাজস্ব আদায়ের উপর জোর দেওয়ার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেন। |
| ০৩ | উন্নয়ন মূলক আলোচনাঃ | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, তার ওয়ার্ডে বেশ কিছু কাঁচা ও পাকা রাস্তা রয়েছে। যা জরুরী ভিত্তিতে নির্মাণ ও পুনঃ নির্মাণ করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেনে। তার উক্ত প্রস্তাবে ১,২ ও ৩নং ওয়ার্ড কাউন্সিলর একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জাসান যে, তার ওয়ার্ডে ১) ব্যাপারী পাড়া সড়ক ২) সহিদ শিকদার সড়ক ৩) মুন্সি সড়ক ৪) পাল পাড়া সড়ক ৫) অলিউর রহমান হাওলাদার সড়ক আরসিসি দ্বারা নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হন যে, রামগতি পৌরসভার আওতাধীন ৯টি ওয়ার্ডের অগ্রাধীকার তালিকা প্রস্তুত করে ক্ষতিগ্রস্থ সড়ক সমূহ নির্মাণ বা পুনঃ নির্মাণ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ দনে। |
| ০৪ | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন নিয়ে আলোচনাঃ | কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, আসছে ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য পৌর পরিষদ ও পৌর কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে একটি কমিটি গঠন করে, কমিটির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত মোতাবেক ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় ৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব শাহাদাৎ হোসেনকে আহবায়ক ও কাউন্সিলর ২,৬,৭,৮ ও ৯কে সদস্য ও পৌর নির্বাহী কর্মকর্তাকে সদস্য সচিব করে ৭(সাত) সদস্য বিশিষ্ট ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটি গঠন করা হয়। |
| ০৫ | Covid-19-রিকোভারী প্রজেক্ট প্রকল্প দাখিল, GPIIP-4 এর Road Invantory-দাখিল প্রসঙ্গেঃ | রামগতি পৌরসভার কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, Covid-19-রিকোভারী প্রজেক্ট প্রকল্প দাখিল ও UGIIP-4 প্রকল্পে (Road Invantory) রামগতি পৌরসভার জন্য প্রস্তুতকৃত PDP অনুযায়ী সকল ধরনের সড়ক, কালভার্ট ড্রেন, মার্কেট, কিচেন মার্কেট, অডিটরিয়াম ও সকল ধরনের প্রকল্পের সঠিক Invantory প্রস্তুত করে আগামী ১মাসের মধ্যে প্রকল্প অফিসে জমা প্রদানের নির্দেশনা রয়েছে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য উপস্থিত সবাইকে অনুরোধ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে Covid-19-রিকোভারী প্রজেক্ট এর জন্য একটি কিচেন মার্কেট, পৌরসভার জন্য গ্যারেজ ও আলেকজান্ডার মডেল পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়ের মাঠের চারপাশের জন্য RCC রাস্তা নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করে এবং পৌরসভার সকল ভৌত ও পুর্ত কাজের Invantory- প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করন। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, রামগতি পৌরসভার প্রান কেন্দ্র আলেকজান্ডার বাজার। এখানে বিভিন্ন এলাকা থেকে প্রতিনিয়ত অসংখ্য ক্রেতা-বিক্রেতা সমবেত হন। কিন্তু আলেকজান্ডার মাছ বাজার সংলগ্ন কাচা বাজারটি ২০০৯ সালে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ার পর থেকে কোন ধরনের নির্মাণ ও পুননির্মাণ করা সম্ভব হয়নি। তিনি Covid-19-রিকোভারী প্রজেক্টের আওতায় উক্ত স্থানে কিচেন মার্কেন নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে Covid-19-রিকোভারী প্রজেক্টের জন্য কি ধরনের প্রকল্প গ্রহন করা হবে এবং প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে কোন ধরনের বাধ্য বাধকতা রয়েছে কিনা সে বিষয়ে সবাই কে আবহিত করার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ করেন এবং আলেকজান্ডার বাজারের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ব্যাবসায়ীদের পুনর্বাসন ও পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে হাট বাজারগুলোতে মার্কেট, কিচেন মার্কেট নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। । তার উক্ত প্রস্তাবে সবাই এক মত পোষণ করেন।<br><br>সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, Covid-19-রিকোভারী প্রজেক্ট এর প্রকল্প প্রস্তাবনা ও UGIIP-4 এর Road Invantory-এর নির্দেশনা মূল্যক চিঠি সবাইকে পড়ে শুনান এবং সে মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত আসন-০৩ এর কাউন্সিলর জনাব নাছিমা বেগম সভায় জানান যে, উক্ত প্রকল্পের বরাদ্দ অনুপাতে অগ্রাধীকার ভিত্তিতে আলেকজান্ডার বাজারের পুড়ে যাওয়া কাচা বাজারের স্থানে কিচেন মার্কেট নির্মাণ ও পরবর্তীতে আল-আমিন মার্কেট নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। । তার উক্ত প্রস্তাবে সবাই এক মত পোষণ করেন।<br><br>রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ ও ৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ার পর থেকেই তার রেশ কাটতে না কাটতেই Covid-19- বিস্তারের কারনে ব্যাবসায়ীকগণ মারাত্তক ভাবে ক্ষতির সন্মুখিন হন। তাদের ব্যাবসায়ীক ক্ষতির কথা বিবেচনা করে বাজারের ব্যাবসায়ীক পরিবশ ও পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে উক্ত স্থানে কিচেন মার্কেট নির্মাণ জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। । তার উক্ত প্রস্তাবে সবাই এক মত পোষণ করেন।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত ডিসেম্বর’২০২২খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৪২০২২/১২/</td><td>নভেম্বরমাসের মাষ্টাররোল কর্মচারীদের বেতন ২০২২/</td><td>৬৪-/০০০,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>আর্থিক সাহার্য্য</td><td>৫-/০০০,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>আর্থিক সাহার্য্য</td><td>৯-/০০০,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>আর্থিক সাহার্য্য</td><td>৯-/০০০,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>পৌর কার্যালয়ে বৈদ্যুতিক খুটি প্রতিস্থাপন ,বৈদ্যুতিক ,<br>টি জাতীয় পতাকা ক্রয় বিল০২স্যানেটারী কাজ ও</td><td>২০-/৬৯৬,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>গার্ভেস ট্রাক মেরামত বিল</td><td>১৪-/২৪০,</td></tr>
<tr><td>১১২০২২/১২/</td><td>পৌর কার্যালয়ের অফিস টেবিলের রেক্সিন ক্রয় বিল</td><td>২-/২৫০,</td></tr>
<tr><td>১২২০২২/১২/</td><td>বিজয় দিবস উৎযাপন উপলক্ষে উপজেলা নির্বাহী )<br>আর্থিক অনুদান (অফিসার</td><td>১০-/০০০,</td></tr>
<tr><td>১৪২০২২/১২/</td><td>ডিসেম্বরমাসের বিদ্যুৎ বিল ২০২২/</td><td>৫-/৬৭৬,</td></tr>
<tr><td>১৪২০২২/১২/</td><td>আপ্যায়ন বিল (২০২২/১১/২৯হইতে ২০২২/১০/১৭)</td><td>১৩-/০৯৫,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে ডিসেম্বর’২০২২ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-০৭ তারিখঃ ২৬/০১/২০২৩খ্রিঃ

**<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ</u>**

১। জেলা প্রশাসক,লক্ষীপুর।
২। জনাব............................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।